

তারিখ : ১১/০২/২০২০ খ্রি.

## ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সম্পর্কিত বিজ্ঞপ্তি

রেজিস্ট্রেশন বিষয়ক ওয়েবসাইট: (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

২০২০ সালের ডিগ্রি (পাস) বি.এ/ বি.এস.এস/বি.বি.এস প্রাইভেট /সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হ'ল :-

### ১। স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে আবেদন করার যোগ্যতা :

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বো হতে ২০১৮ সাল বা তৎপূর্বে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে বি.এ/বি.এস.এস/বি.বি.এস কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এইচ.এস.সি. সমমান কোর্সসমূহ থেকে শুধুমাত্র এইচ.এস.সি. (ভোকেশনাল) ২। ডিপ্লোমা-ইন-কমার্স ৩। এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৮ সাল বা তৎপূর্বে অ-খবাবষ পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ কোর্সে আবেদন করতে পারবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত (রেজিস্ট্রেশন কার্ড প্রাপ্ত) কোন শিক্ষার্থী ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২০ সালের স্নাতক(পাস) (প্রাইভেট কোর্সে ভর্তি হতে পারবে।

ঘ) একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না

চ) বিষয়সমূহঃ বাংলা(ঐচ্ছিক), দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা।  
উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে।

প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন পত্রে প্রার্থীগণ কোর্সওয়ারী যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না। কোন কোর্স/বিষয় সংশ্লিষ্ট কলেজে অধিভুক্তি না থাকলে সে বিষয়ে রেজিস্ট্রেশন করা যাবে না।

ছ) যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে স্নাতক (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করা যাবে না।

### ২। সার্টিফিকেট কোর্সে আবেদন করার যোগ্যতা :

ক) বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস)/স্নাতক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

খ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত প্রার্থীরা ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সংগে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) বিষয় সমূহ : বাংলা(ঐচ্ছিক), দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা

### ৩। অনলাইনে আবেদনের নিয়মাবলী ও ধার্যকৃত ফি :

ক) ২০২০ সালের স্নাতক (পাস) প্রাইভেট প্রোগ্রামে বি.এ/বি.এস.এস/বি.বি.এস কোর্স/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য প্রার্থীকে ১০ ফেব্রুয়ারি বিকাল ৪টা থেকে ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ রাত ১২টা পর্যন্ত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এ লক্ষ্যে প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Degree Pass অপশনে গিয়ে Blank Data Entry Form (Deg. Private) অপশন থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাইভেট সার্টিফিকেট কোর্সে আবেদনকারী প্রার্থীরাও একই অপশন থেকে আবেদন করতে পারবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েবসাইট হতে ২২/০২/২০২০ তারিখের মধ্যে আবেদন ফরম, আবেদন ফি ও প্রয়োজনীয় কাগজপত্র সহ কলেজ অফিসে জমা দিতে হবে।

খ) Blank Data Entry Form এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে এই ফরমে প্রার্থী ইচ্ছাকৃত কোন তথ্য গোপন করলে/কোন তথ্য ভুল বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করা অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

৪। ভর্তি ফি জমাদান পদ্ধতি :- কলেজে রশিদ এর মাধ্যমে নগদ টাকা কলেজ অফিসে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৫। ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি : ৭৮৫/- টাকা।

৬। ক) এস এস সি/সমমান, এইচ এস সি/সমমান পরীক্ষা পাশের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি;

গ) সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/ ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;

ঘ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

অধ্যক্ষ ১১.০২.২০২০  
ফেনী সরকারি কলেজ, ফেনী

ফেনী সরকারি কলেজ, ফেনী।  
০২/২/২০২০